

## আর্থিক শোষণের উপসর্গ

### প্রবীণ এবং প্রতিবন্ধী প্রাপ্তবয়স্করা হয়তো আর্থিক শোষণের মুখে পড়বেন যদি তারা:

- তাদের আর্থিক অবস্থা বা প্রয়োজনের প্রেক্ষিতে অবহেলিত বা অপর্য়াপ্ত সেবা পাচ্ছেন।
- পরিবারের অন্যান্য সদস্য বা সহায়তা থেকে বিচ্ছিন্ন।
- অপরিচিত কোনো ব্যক্তির সঙ্গে রয়েছেন যিনি বৃহৎ পরিমাণ নগদ প্রত্যাহার করতে উৎসাহ প্রদান করেন।
- পরিবারের কোনো সদস্য বা অন্য কোনো ব্যক্তির সঙ্গে রয়েছেন যিনি লেনদেন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে বাধ্য করেন।
- নিজেদের মতামত প্রকাশ বা সিদ্ধান্ত গ্রহণ করতে দেওয়া হয় না।
- কোনো পরিচিত ব্যক্তি যিনি তাদের আর্থিক স্টেটাসের ব্যাপারে বেশি আগ্রহী।
- যে ব্যক্তি তাদের সঙ্গে দিচ্ছেন তাদের ব্যাপারে উদ্বিগ্ন এবং ভীত।
- তাদের অর্থ নিয়ে তারা কী করছেন সে ব্যাপারে সন্দেহজনক ব্যাখ্যা প্রদান করা।
- তাদের অ্যাকাউন্ট থেকে “নিখোঁজ তহবিলের” ব্যাপারে চিহ্নিত বা বিভ্রান্ত হওয়া।
- আর্থিক লেনদেন অথবা নথিপত্রে স্বাক্ষর করার কথা মনে করতে না পারা।
- আশঙ্কা করছেন যে সেবা প্রদানকারীকে টাকা না দিলে তাদের উচ্ছেদ বা দীর্ঘদিন ধরে আবদ্ধ করে রাখা হবে।

### সন্দেহজনক ব্যাংকিং কার্যাবলী

- অস্বাভাবিক পরিমাণ ব্যাংকিং কার্যাবলী:
- একটি শাখা/ব্যাংক থেকে আর একটিতে ঘনঘন অ্যাকাউন্ট পরিবর্তন।
- প্রত্যাহারের ধরনে পরিবর্তন বা অস্বাভাবিক পরিমাণ বৃহৎ অর্থরাশি।
- সম্প্রতি খোলা হয়েছে এরকম জয়েন্ট অ্যাকাউন্ট থেকে বৃহৎ অর্থরাশি প্রত্যাহার বা ট্রান্সফার।
- গ্রাহকের সাধারণ অভ্যাসের সঙ্গে ব্যাংকিং কার্যাবলীর অসঙ্গতি:
  - পূর্বকার নিষ্ক্রিয় অ্যাকাউন্ট বা সেভিংস অ্যাকাউন্ট থেকে বৃহৎ পরিমাণ অর্থরাশি প্রত্যাহার।
  - ATM-এর মাধ্যমে ঘনঘন প্রত্যাহার, বিশেষত যদি ওই প্রবীণ ব্যক্তি শারীরিক দিক থেকে দুর্বল হন এবং পূর্বে ATM ব্যবহার না করে থাকেন।
  - নিয়মিত ভাড়া প্রদান অথবা ইউটিলিটি পেমেন্ট হঠাৎ বন্ধ হয়ে যাওয়া।
  - স্থিতিশীল, একক সুবিধাজোগী ট্রাস্ট বাতিল।
  - তৃতীয় পক্ষের পেমেন্টের জন্য বিতরণের সংস্থানে পরিবর্তন।
- চেক অথবা ক্রেডিট কার্ড দরখাস্তের ন্যায় অন্যান্য নথিপত্রে সন্দেহজনক স্বাক্ষর:
- স্বাক্ষর দেখে নকল মনে হয়।
- স্বাক্ষর দেখে যথাস্থ মনে হয়েছে তবে একটি পৃথক হাতের লেখায় অর্থরাশি লেখা হয়েছে।
- পৃথক পেন বা কালির ব্যবহার ইঙ্গিত প্রদান করে যে কিছু একটা ভুল হচ্ছে।
- হঠাৎ করে ঋণের বোঝা বেড়ে যাওয়া, যে লেনদেন সম্পর্কে ওই প্রবীণ ব্যক্তি অবগত নন:
  - ব্যাংক ঋণ অথবা দ্বিতীয় মর্টগেজের সুবিধা গ্রহণ।
  - বৃহৎ পরিমাণ ক্রেডিট কার্ড অথবা রিজার্ভ ক্রেডিট ঋণ।
- কোনো বিশ্বস্ত অথবা অন্য কোনো ব্যক্তি প্রাপ্তবয়স্কদের বিভিন্ন বিষয়ের দায়িত্ব গ্রহণ, তহবিল প্রত্যাহারের কাজ করেন। যদিও সে ক্ষেত্রে প্রাপ্তবয়স্করা তার কোনো সুবিধা পান না।
- ব্যাংক স্টেটমেন্ট এবং বাতিল হয়ে যাওয়া চেক আর গ্রাহকের বাড়িতে পাঠানো হয় না। (যাচাই করুন যে এটাই গ্রাহকের ইচ্ছা)
- সঙ্গে থাকা ব্যক্তি অথবা প্রবীণ বা প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক দ্বারা ব্যাংকিং কার্যাবলীর ব্যাখ্যা হিসেবে অবাস্তব কারণের কথা বলা হয়।



প্রাপ্তবয়স্কদের  
সুবিধামূলক সেবা

শিশু এবং পরিবার সেবা অফিসের একটি ব্যুরো



প্রাপ্তবয়স্কদের  
সুবিধামূলক সেবা

শিশু এবং পরিবার সেবা অফিসের একটি ব্যুরো

ক্যাপিটাল ভিউ অফিস পার্ক  
(Capital View Office Park)  
52 Washington Street  
Rensselaer, New York 12144

আমাদের ওয়েবসাইট ভিজিট করুন:  
[ocfs.ny.gov](http://ocfs.ny.gov)

প্রতিপালন সেবা এবং দত্তক গ্রহণের ব্যাপারে তথ্যের জন্য কল করুন: 1.800.345.KIDS (5437)

শিশুদের প্রতি অত্যাচার এবং অসদাচরণ আচরণের ব্যাপারে অবগত করতে কল করুন:

1-800-342-3720  
TDD/TTY: 1-800-638-5163

Abandoned Infant Protection Act সম্বন্ধে তথ্যের জন্য কল করুন:

1-866-505-SAFE (7233)

আপনার কাউন্টি অ্যাডাল্ট সার্ভিস অফিসের ফোন নম্বরের জন্য কল করুন:

1-844-697-3505

যদি আপনি বধির হন অথবা শ্রবণে সমস্যা থাকে, তাহলে আপনার Video Relay System সরবরাহকারীকে ফোন করুন এবং আপনার পছন্দের টেলিফোন নম্বরের সঙ্গে যুক্ত করতে বলুন।

“...আমাদের সন্তান, পরিবার এবং সম্প্রদায়ের  
সুবিধা, স্বাধীনতা ও কল্যাণের প্রচার...”

Americans with Disabilities Act অনুযায়ী New York State  
Office of Children and Family Services অনুরোধের ভিত্তিতে  
এই উপাদানটি উপযুক্ত বিন্যাসে উপলভ্য করবে।

## প্রবীণ এবং প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের আর্থিক শোষণ



আমাদের ওয়েবসাইট ভিজিট করুন: [ocfs.ny.gov](http://ocfs.ny.gov)

## সূচনা



প্রবীণ এবং অন্যান্য প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের আর্থিক শোষণ ক্রমশ উর্ধ্বমুখী হারে ঘটছে। আর্থিক শোষণকে Social Services Law 473.6-তে নিম্নানুসারে সংজ্ঞায়িত করা হয়েছে: **নিম্নোক্তের অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমিত নয়, প্রতারণা, ভণ্ডামি, আল্লাসাৎ, ষড়যন্ত্র, জালিয়াতি, রেকর্ড জান করা, জোর করে সম্পত্তি হস্তান্তর অথবা সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত করা সহযোগে কোনো ব্যক্তি কর্তৃক কোনো প্রাপ্তবয়স্কের অর্থ, সম্পত্তি অথবা সম্পদের অনুপযুক্ত ব্যবহার।**

অধিকাংশ ক্ষেত্রে শোষণকারী হলেন পরিবারের কোনো সদস্য অথবা পূর্ব পরিচিত কোনো ব্যক্তি। এছাড়া সেবা প্রদানকারী বা অ্যাটর্নি অথবা স্টকব্রোকারের ন্যায় অন্যান্য বিশ্বস্ত অসৎ ব্যক্তি দ্বারাও জালিয়াতির শিকার হতে পারেন প্রবীণ ব্যক্তির। সেই সমস্ত ব্যক্তিরাই জালিয়াতি করেন যারা প্রথমে অপরিচিত হলেও পরে সুরক্ষিত নন এমন প্রবীণ অথবা প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের সাথে চলতি সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করতে পারে, যাতে তাদের আরও শোষণ করা যায়।

## কী করা যেতে পারে?

কমিউনিটিতে বসবাসকারী 18 এবং তার অধিক বয়সী ব্যক্তির, প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের সন্দেহজনক শোষণের বিষয়টি লোকাল সোস্যাল সার্ভিস ডিপার্টমেন্ট (Local Social Services Departments) তাদের অ্যাডাল্ট প্রোটেক্টিভ সার্ভিস (Adult Protective Services, APS)-এর মাধ্যমে তদন্ত করবে। 60 শতাংশেরও অধিক APS গ্রাহক যাদের নিউ ইয়র্ক স্টেটে সেবা প্রদান করা হয়েছে তাদের বয়স 60-এরও বেশি।

APS পরিস্থিতির মূল্যায়ন এবং প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করবে। কোনো অপরাধ ঘটেছে বলে সন্দেহ করা হলে বিষয়টি পুলিশকে জানানো হবে। যদি এমন কোনো প্রাপ্তবয়স্কের রেফারেল পাওয়া যায় যিনি প্রতিবন্ধী নন, তাহলে তাকে যথাযথ কমিউনিটি সেবা অথবা অফিস অভ এজিং (Office of the Aging) এর ন্যায় অন্যান্য এজেন্সির সাথে সংযুক্ত করার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিকে APS সাহায্য করবে।

**প্রবীণ এবং ঝুঁকিপূর্ণ প্রাপ্তবয়স্কদের সুরক্ষা সম্পর্কে অথবা সন্দেহজনক আর্থিক শোষণের ব্যাপারে রেফারেলের জন্য আপনার কাউন্টিতে অ্যাডাল্ট প্রোটেক্টিভ সার্ভিস (Adult Protective Services, APS)-এর সাথে অথবা নিম্নোক্ত নম্বরে হিউম্যান সার্ভিস কল সেন্টার (Human Services Call Center)-এ যোগাযোগ করুন: 1-844-697-3505 অথবা নিউ ইয়র্ক শহরে হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশন (Human Resources Administration, HRA), Central Intake-এর সাথে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করুন: 1-212-630-1853.**

## সন্দেহজনক ঘটনাগুলি উল্লেখ করা

যেকোনো ব্যক্তি যদি প্রবীণ বা প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কের শোষণের ব্যাপারে উদ্বিগ্ন হয়ে পড়েন, তাহলে সামাজিক সেবার স্থানীয় দপ্তরে APS-এ দ্রুত কল করুন।

কোনো ব্যক্তি যদি সরল বিশ্বাসে মনে করেন যেকোনো প্রাপ্তবয়স্কের সুরক্ষামূলক সেবা প্রয়োজন তাহলে Social Services Law 473-b এর সংস্থান অনুযায়ী তাকে অসামরিক দায়বদ্ধতা থেকে ছাড় দেওয়া হয়েছে।

তথ্য পাওয়ার 24 ঘন্টার মধ্যে প্রাণ সংশয়কারী পরিস্থিতিতে সুপারিশ অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবে APS।

অন্যান্য সুপারিশের জন্য 72 ঘন্টার মধ্যে তদন্ত শুরু হয় এবং তিনটি কাজের দিনের মধ্যেই গ্রাহকের বাড়িতে যাওয়ার ব্যবস্থা করা হয়।

প্রাপ্তবয়স্কের প্রতিবন্ধকতা, অপব্যবহারের ঝুঁকি, সাহায্য গ্রহণের ইচ্ছা এবং ব্যক্তিকে সুরক্ষা প্রদানে অন্যান্যদের সামর্থ্য সম্পর্কে একটি মূল্যায়ন করা হয়।

প্রতিটি গৃহস্থালির ক্ষেত্রে পরিস্থিতি অনুযায়ী বিবিধ প্রকারের সেবা এবং পদক্ষেপের ব্যবস্থা করা হয়।

## আর্থিক প্রতিষ্ঠানের কর্মীরা কীভাবে সাহায্য করতে পারেন?

প্রবীণ এবং প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের আর্থিক অপব্যবহারের ব্যাপারে সবার প্রথমে তথ্য লাভ করার ক্ষেত্রে একটি অনন্য স্থানে রয়েছেন আর্থিক প্রতিষ্ঠানগুলির কর্মীরা। অনুরূপ কর্মীরা গ্রাহকের সঙ্গে যোগাযোগের পর প্রায়শই এইরকম পরিস্থিতি তৈরি হতে দেখেন যেখানে তারা বিশ্বাস করেন যে গ্রাহক ঝুঁকির মধ্যে রয়েছেন। একজন কর্মীকে সন্দেহজনক আচরণ অথবা ব্যাংকিং কার্যাবলী সম্পর্কে সচেতন থাকতে হবে যেটি ইঙ্গিত প্রদান করে যে কোনো আর্থিক অপব্যবহার ঘটছে।

প্রবীণ/প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের আর্থিক শোষণের সন্দেহ এবং একজন নির্দিষ্ট ম্যানেজারকে বিষয়টি অবগত করতে কর্মীদের জন্য একটি প্রোটোকল প্রতিষ্ঠার মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানগুলি তাদের গ্রাহকদের সুরক্ষা প্রদানে সাহায্য করতে পারে। ম্যানেজার ঠিক করবেন যে APS-কে অবগত অথবা আপৎকালীন পরিস্থিতিতে পুলিশকে অবগত করার মতো পর্যাপ্ত কারণ রয়েছে কি না।

APS একটি মূল্যায়ন পরিচালনা করবে এবং সেবার জন্য যে ব্যক্তির উল্লেখ করা হয়েছে তার আর্থিক রেকর্ডের বিশদে প্রয়োজন হতে পারে। যখন সম্ভব, তখন গ্রাহকের থেকে একটি রিলিজ ফর্ম সংগ্রহ করা হবে। তবে এটা যদি সম্ভব না হয়, তাহলে Federal and State Law and Banking Law 4 অধীনে আর্থিক রেকর্ডের জন্য APS অনুরোধ করবে, যেটিতে Social Services law 144-a সহযোগে স্টেট ল এবং আর্থিক প্রতিষ্ঠানগুলিকে সামাজিক সেবা কর্মকর্তাদের কাছে নির্দিষ্ট কিছু তথ্য প্রদান করতে হবে। শোষণ হয়েছে কি না তা নির্ধারণ করতে ইন্টারভিউ থেকে সংগৃহীত তথ্য ব্যবহার করবে APS এবং চিহ্নিত সমস্যাগুলির সমাধানে পরিকল্পনা প্রস্তুত করবে।